# উপজেলা পরিষদ কার্যালয়
## বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

### বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৩ মাসের ৪৭তম মাসিক সভার কার্য বিবরনী

প্রধান উপদেষ্ঠা : জনাব আলহাজ্ব মো: দবিরুল ইসলাম, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪ ঠাকুরগাও-২,সভাপতি, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সর্ম্পকিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

সভাপতি : জনাব মো: আলী আসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাও।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ : ২৯/০১/২০২৩খ্রি:

সময় : সকাল ১১:৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'খ'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসুচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে আহবান জানানো হলে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১। পূর্ববতী সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন**

উপজেলা নির্বাহী অফিসার গত ২৯/১২/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরনী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

**২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা:**

| ক্র:নং | ইউনয়ন/দপ্তরের নাম | কার্যপত্র | মাসিক সভার কার্যবিবরণী | স্থায়ী সভার কার্যবিবরণী/মাসিক সমন্বয় সভার কার্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১ | সকল ইউনিয়ন | পাওয়া যায়নি | পাওয়া গেছে | পাওয়া গেছে | সকল ইউনিয়ন পরিষদ প্রতি মাসের প্রথম সপ্তাহে মাসিক সভা করে উপজেলা মাসিক সভার পূর্বে কার্যপত্র, মাসিক সভার কার্যবিবরণী ও মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দাখিল করবেন। |
| ২ | মহিলা বিষয়ক, সমাজসেবা, প্রকল্প বাস্তবায়ন,মৎস্য বিভাগ | পাওয়া যায়নী | প্রযোজ্য নহে। | পাওয়া গেছে | ঐ |
| ৩ | কৃষি, মাধ্যমিক শিক্ষা, স্যানেটারী, প্রকৌশল, জনস্বাস্থ্য, স্বাস্থ্য, প্রাণিসম্পদ, যুব উন্নয়ন, পল্লী উন্নয়ন, বন ও পরিবার পরিকল্পনা বিভাগ পাওয়া যায়নী। | প্রযোজ্য নহে। | পাওয়া গেছে | | ঐ |

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহবান জানালে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জাতীয় তথ্য বাতায়ন মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারি/আধা সরকারি দপ্তরের তথ্য সহযোগে নির্মিত তথ্য বাতায়ন। তিনি ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার লক্ষে স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়ন ভিজিট করে হাল-নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান। | সহকারি প্রোগ্রামার কে ওয়েব পোর্টাল হাল নাগাদ করার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০২ | **স্বাস্থ্য ও প: প: বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। কোভিড-১৯ এর ভ্যাকসিনের কাজ চলমান রয়েছে ৩য় ডোজ প্রায় শেষ পর্যায়ে এবং ৪র্থ ডোজ শুরু হয়েছে। আমার হাসপাতালে জনবল সংকট এ বিষয়ে মাননীয় এমপি মহোদয়ের সদয় দৃষ্টি কামনা করেন। একজন শিশু বিশেষজ্ঞ ডাক্তার প্রয়োজন। | জনবল সংকটসহ শিশু বিশেষজ্ঞ ডাক্তার নিয়োগের বিষয়ে আলোচনা করে মন্ত্রনালয়ে যোগাযোগ করার জন্য পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২। উ:স্বা.ও প. অ |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস :** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় উপস্থিত, তিনি জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। এ উপজেলা কৃষি জন্য উপযুক্ত যে কোন ধরনের ফসল ফলানো যায়। আগামি মৌসুমে যে সার লাগবে তার চাহিদা প্রেরণ করা হয়েছে। বোরো মৌসুমের জন্য প্রস্তুতি চলছে। বর্তমান বাজারে যে সারের সংকট ছিল তা কিছুটা কেটে গেছে আশা করি আগামীতে আর সারের সংকট হবে না। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষনাগার নির্মাণের লক্ষ্যে বরাদ্দ প্রদান করা হবে। এজন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের স্থান নির্বাচন পূর্বক একটি স্কেচ ম্যাপ তৈরী করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কৃষকদের কৃষি কার্ড সরবরাহের জন্য বলেন। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে বলেন। | এ বিষয়ে উপজেলা কৃষি অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারকে মনিটরিং করার জন্য বলা হলো।<br>উপজেলা কৃষি অফিসের দক্ষিণ পার্শ্বে রাস্তা সংলগ্ন ফাকা জায়গায় কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষনাগার নির্মাণ প্রকল্পের আওতায় ভবন নির্মাণের লক্ষ্যে ১২০০ বর্গফুট আয়তনের জমি বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো। | ১.উপজেলা নির্বাহী অফিসার<br>২.উপজেলা কৃষি অফিসার<br>২. উপ.স.কৃ.অ |
| ০৪ | **উপজেলা প্রকৌশল দপ্তর :** নবাগত উপজেলা প্রকৌশলী জনাব মো: মাসুদার রহমান সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ০২ টি ভূমি অফিস নির্মাণ করা হবে এবং ০১ টি ইউনিয়ন পরিষদ নির্মাণ বাকী রয়েছে। বিভিন্ন প্রকল্পের আওতায় পাকা রাস্তা নির্মাণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বালিয়াডাঙ্গী উপজেলার তীরনই নদীতে একটি রাবার ডেম নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো। | | ১. উপজেলা প্রকৌশলী<br>২. উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত আছে বলে জানান। গরু, ছাগল, হাস ও মুরগী টিকা কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন প্রকল্পের আওতায় ৬০০০ হাজার টিকা প্রদান করা সম্ভব হয়েছে।<br>দুধ উৎপাদনে বালিয়াডাঙ্গী উপজেলা শীর্ষে তাই মিল্ক ভিটা বা অন্য কোন কোম্পানীর মাধ্যমে এখানে ফ্যাক্টরী নির্মাণ করা হলে খামারীরা বেশি দামে দুধ বিক্রী করতে পারবে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো।<br>মিল্ক ভিটা বা অন্য কোন কোম্পানীর সাথে কথা বলে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১.প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। মৎস্য চাষীদের মাঝে অটো চার্জার ০৯ টি বিতরন করা হয়েছে এবং শ্যালো পাম্প ৪৯টি বিতরন করা হয়েছে । এ এলাকার পুকুরগুলিতে বেশিদিন পানি না থাকায় মাছ ধরে রাখা যাচ্ছে না। এ পুকুরগুলি খনন করলে হয়ত মাছ ধরে রাখা সম্ভব হবে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। পুকুর খকনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | **জনস্বাস্থ্য বিভাগ :** সহকারি প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। ২০৮টি নলকুপের বরাদ্দ পাওয়া গেছে বিভাজন করা প্রয়োজন। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা | উপ-সহ:প্র: জনস্বাস্থ্য |
| ০৮ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর,কাবিটা ও কাবিখা ১ম কিস্তির কাজ চলমান রয়েছে। ইজিপিপি ১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে। বীর নিবাসের নির্মাণ কাজ প্রায় শেষ পর্যায়ে কিন্তু এখনও বরাদ্দ পাওয়া যায়নী।<br>উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, উপজেলার বেশকিছু এলাকায় ষ্ট্রীট লাইটগুলো খারাপ হয়ে পড়ে আছে এগুলো দ্রুত মেরামত করা প্রয়োজন। | প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের জন্য বলা হলো। বীর নিবাসের বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য পিআইও কে বলা হলো।<br>যে কোম্পানীর মাধ্যমে এগুলো স্থাপন করা হয়েছে তাদের সাথে যোগাযোগ করে দ্রুত মেরামত করার জন্য বলা হলো। | ১.উ.নির্বাহী অ.<br>২.উ. প্র: বা: ক. |
| ০৯ | **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। পরিবার কল্যাণ সহকারিগণ বাড়ী বাড়ী গিয়ে সেবা প্রদান করে থাকেন। আমাদের পরিবার | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উপজেলা প:প: অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | হলে সেবার মান আরও ভাল হবে। | | |
| ১০ | **প্রাথমিক শিক্ষা :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। বই বিতরণে একটু সমস্যা হয়েছে। সম্পূর্ণ বই না পাওয়ার কারণে বই বিতরন সম্পুর্ন করতে পারেনী। ইতিমধ্যে আমরা বই পেয়ে গেছি হয়ত আর সমস্যা হবে না। প্রাথমিক বিভাগে এ উপজেলায় ৮৬ জন নতুন শিক্ষক যোগদান করেছে আগামীতে প্রাথমিক শিক্ষার মান আরও বাড়বে। প্রতিটি স্কুলে কাব দল গঠন করা হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, আমার উপজেলায় যে সকল কর্মকর্তাগণ রয়েছেন তাদের দাপ্তরিক কাজের পাশাপাশি সকল বিদ্যালয় পরিদর্শন এবং মতামত প্রদানের জন্য বলেন। | শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। বই বিতরন সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। নতুন শিক্ষকদের এ মহৎ পেশায় আত্মনিয়োগ হয়ে মনোনিবেশ করে শিক্ষার মান বাড়াতে হবে। সকল কর্মকর্তা গণকে তাদের দাপ্তরিক কাজের পাশাপাশি সকল বিদ্যালয় পরিদর্শন করার জন্য বলা হলো। | ১. উ. শিক্ষা অ.<br>স. শি. অ. (সকল) |
| ১১ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় উপস্থিত । তিনি সভায় জানান যে, নতুন কারিগরি শিক্ষা কারিকুলাম পাঠদান শুরু হয়েছে। এ দেশকে স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষে কাজ করে যাচ্ছে যে, এ কারিকুলামের আওতায় সকল শিক্ষকগণকে ৫দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। শেখ কামাল এ্যাথলেটিকস ও শেখ কামাল শীতকালীন খেলাধুলা সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। স্কাউটস ক্যাম্প অনুষ্ঠানের লক্ষ্যে ওরিয়েন্টেশন হয়েছে এবং এ কার্যক্রম চলমান থাকবে।<br>মাধ্যমিক পর্যায়ের সকল বিদ্যালয়ে খেলাধুলার পরিবেশ তৈরী করার জন্য বলেন। | মিক্ষকগণ যাতে করে স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষে কাজ করে সে বিষয়ে জোর পদক্ষেপ গ্রহণের জন্য বলা হলো।<br>খেলাধুলার পরিবেশ তৈরীর জন্য নিদের্শনা প্রদান করা হলো এবং এ বিষয়ে মাধ্যমিক শিক্ষা অফিসার মনিটরিং করবেন। | ১.উপজেলা মাধ্য:<br>শিক্ষা অফিসার |
| ১২ | **সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। প্রতিবন্ধি বরাদ্দ পাওয়া গেছে ১০৭৭ জনের। আর আবেদন জমা পড়েছে ১৫১৯জনের। এগুলো বাছাই করা প্রয়োজন। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: সমাজসেবা অফিসার |
| ১৩ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। এ উপজেলায় সমবায় সমিতি ১০৮টি, মহিলা সমবায় সমিতি ০১টি এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: সমবায় অফিসার |
| ১৪ | **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। ঋণ কার্যক্রম ও বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: যুব উন্নয়ন অফিসার |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪টি প্রকল্পের কাজ চলমান আছে। প্রশিক্ষনের পাশাপাশি ঋণ কার্যক্রম চলমান আছে। পল্লী উন্নয়নের আওতায় গ্রামীন অবকাঠামো ক্ষুদ্র মেরামত প্রকল্প রয়েছে এমপি মহোদয় ও উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সুপারিশ ক্রমে এ উপজেলায় বরাদ্দ নেওয়া যেতে পারে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | ১. উ. পল্লী উ. অ |
| ১৬ | **মহিলা বিষয়ক দপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি জানান যে, তার অফিসভবনটি জরাজীর্ণ ও ভঙ্গুর অবস্থায় রয়েছে এটি দ্রুত মেরামত করা প্রয়োজন এবং জনবল নাই বলেই চলে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। ভবন মেরামত ও জনবল বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | ১) উ: মহিলা বি: কর্মকর্তা |
| ১৭ | **খাদ্য বিভাগ :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.খাদ্য নিয়ন্ত্রক,<br>২. ওসি এলএসডি |
| ১৭ | **বন বিভাগ :** ফরেষ্টার, বন বিভাগ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | বন বিভাগ<br>বালিয়াডাংগী |
| ১৮ | **নির্বাচন বিভাগ :** উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | ১)নির্বাচন অফিসার |
| ১৯ | **পরিসংখ্যান অফিস :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। ডিজিটাল সার্ভে রিপোর্ট জেলা পর্যায়ে পাওয়া গেছে কিন্তু উপজেলা পর্যায়ে এখনও পাওয়া যায়নী। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.পরিসংখ্যান অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জানান যে, তার বিভাগীয় কাজ চলমান রয়েছে। দ্রুত সময়ে বালিয়াডাঙ্গী উপজেলার কাজ শেষ করা হবে। | অব্যাহত রাখার জন্য বলা হলো। | বালিয়াডাংগী |
| ২১ | **আনসার ভিডিপি অফিস :** উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | উ: আনসার ভিডিপি |
| ২২ | **স্যানেটারী ইন্সপেক্টর :** স্যানেটারী ইন্সপেক্টর সভায় উপস্থিত । তিনি জানান যে, তার দপ্তরের কাজ চলমান আছে । | হাট বাজার গুলোতে নিয়মিত অভিযান পরিচালানর জন্য বলা হলো। | ১)স্যানেটারী ইন্সপেক্টর, বালিয়াডাঙ্গী |
| ২৩ | **পল্লী বিদ্যুৎ :** এজিএম পল্লী বিদ্যুৎ সভায় উপস্থিত তিনি জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যুৎ বিভাগ ডিজিটালাইজ হয়ে যাচ্ছে, বালিয়াডাঙ্গীতে জোনাল অফিস হওয়াতে বিদ্যুৎ সেবা প্রদানে আমাদের সুযোগ সৃষ্টি হয়েছে। বিদ্যুৎ উৎপাদনে খাটতি থাকায় বিদ্যুৎতের দাম বাড়ানো হয়েছে। টান্স ফরমা চুরির বিষয়ে তিনি সকল কৃষক ও চেয়ারম্যানগণকে সজাগ থাকার অনুরোধ করেন। পল্লী বিদ্যুৎ সমিতিতে পত্র দিলে বালিয়াডাঙ্গী উপজেলায় বেশি বিদ্যুৎ সরবরাহ করা হবে। আমজানখোর ইউনিয়নের স্কুল হাটে সাব কেন্দ্র চালু করা হলে ঐ এলাকার সর্বসাধারন মানুষ উপকৃত হবে। | লোডসেডিং কমিয়ে চাহিদা অনুযায়ী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | ডিজিএম,পল্লীবিদ্যুৎ |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প :** উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, সকল স্থায়ী কমিটি কমিটির সভা নিয়মিত করা প্রয়োজন। | সকল দপ্তর প্রধানগণকে স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য বলা হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. ইউডিএফ |
| ২৫ | **উপজেলা ১৭ কমিটির সভা সংক্রান্ত :** ইউডিএফ সভায় জানান যে, সকল স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয় ও সদস্য সচিবগণের দৃষ্টি আর্কষন করেন। | সকল স্বাস্থ্য বিধি মেনে স্থায় কমিটির সভা নিয়মিত করার জন্য বলা হলো। | ১.ইউডিএফ<br>২. ভাইস চেয়ারম্যান<br>৩. সদস্য সচিব (সকল) |
| ২৬ | **চেয়ারম্যান, ৩নং ধনতলা ইউপি,** সভায় জানান যে, উপজেলার উন্নয়নে আমরা সবাই এক হয়ে কাজ করব। ইউনিয়ন পরিষদগুলো মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ শাখায়) যোগাযোগ এবং প্রাক্কলন প্রেরণ করা হলে বরাদ্দ পাওয়া যাবে। সমাজসেবা ও মহিলা বিষয়ক অফিসকে সামনে আনতে হবে এ অফিসে সবচেয়ে বয়স্ক ও গর্ভবর্তী মায়েরা যাতায়াত করে থাকে।<br><br>চৌটাকি বাহারঝিল্লা যাওয়ার স্কুলের রাস্তায় একটি কালভার্ট নষ্ট হয়ে গেছে, সামনে নির্বাচন তাই দ্রুত এই কালভার্ট টি নির্মান করা প্রয়োজন।<br>এমপি মহোদয় বলেন, ধনতলা ইউনিয়নের খোচাবাড়ী হাটের পূর্বপার্শ্বে একটি পুরাতন ব্রীজ রয়েছে এটি ভেঙ্গে নতুন ব্রীজ করতে হবে।<br><br>ঠুমনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পার্শ্বে একটি ডোবা ছিল এখন ভরাট হয়ে গেছে প্রায় আর একটু ভরাট করতে পারলে সেটি খেলার মাঠ হিসেবে ব্যবহার করা যাবে।<br><br>**চেয়ারম্যান, ৫নং দুওসুও ইউপি,** মহিষমারী গ্রামে কমিউনিটি ক্লিনিকের জায়গা থাকা সত্বেও কমিউনিটি ক্লিনিকের সেবা থেকে মানুষ বঞ্চিত হচ্ছে এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন।<br><br>**চেয়ারম্যান, ৬নং ভানোর ইউপি,** হলদিবাড়ী কমিউনিটি ক্লিনিকের কিছু স্টাফকে বদলী করা প্রয়োজন। জনগনের অভিযোগ রয়েছে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>**চেয়ারম্যান, ২নং চাড়োল ইউপি,** ভোটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে পানি জমে থাকে, ঠিকাদার রাস্তার কাজ করার সময় মাঠটি ব্যবহার করেছিল, পরবর্তীতে ঠিকাদারের সাথে যোগাযোগ করে মাঠে কিছু মাটি দেওয়া হয়েছিল কিন্তু আরও মাটির প্রয়োজন আছে। আমার ইউনিয়নে ০২টি ব্রীজের কাজ চলমান আছে কিন্তু ঠিকাদার খুব ধীরগতিতে কাজ করছে, তবে সামনে জাতীয় নির্বাচন, নির্বাচনকে প্রাধান্য দিয়ে ব্রীজের নির্মাণ কাজ দ্রুত শেষ করা প্রয়োজন।<br>**চেয়ারম্যান, ৪নং বড়পলাশবাড়ী ইউপি,** বড়পলাশবাড়ী ইউনিয়নের চোচপাড়া রাস্তা ও ব্রীজ নির্মাণ করা জরুরী এবং সকল ইউনিয়ন পরিষদ ভবন হয়েছে কিন্তু আমার বড়পলাশবাড়ী ইউনিয়নের ভবন এখনও হয়নী। এই ভবনটি দ্রুত নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় এমপি মহোদয়ের সদয় দৃষ্টি | ইউনিয়ন পরিষদগুলো উপজেলা প্রকৌশলী পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করবেন এবং স্থানীয় সরকার মন্ত্রনালয়ে প্রেরনের ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>উপজেলা প্রকৌশলী ও পিআইও দ্রুত পরিদর্শন করে ব্রীজ নির্মাণের ব্যবস্থা নিবেন।<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ডোবা ভরাট করার ব্যবস্থা নিবনে।<br><br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বলা হলো।<br><br>উপজেলা প্রকৌশলী ঠিকাদারের সাথে যোগাযোগ করে মাঠে মাটি দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন এবং ব্রীজ নির্মাণের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য ঠিকাদারকে তাগিদপত্র দিবেন।<br>চোচপাড়া রাস্তা ও ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. উপজেলা প্রকৌশলী<br>৩. সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কামনা করছি।<br><br>চেয়ারম্যান, ৭নং আমজানখোর ইউপি, আধারদিঘী হয়ে স্কুল হাট রাস্তাটি বড় করা প্রয়োজন এবং আমন ধামন ব্রীজ নির্মাণ করা প্রয়োজন।<br><br>চেয়ারম্যান, ৮নং বড়বাড়ী ইউপি, বালিয়াডাঙ্গী চৌরাস্তা বাজারের ফুটপাতের দোকানগুলোকে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করা হলে, ফুটপাতে আর দোকানপাট বসবে না।<br>চৌরাস্তার কাচাবাজরের পুরাতন হাটসেডটি জরাজীর্ণ ও নষ্ট হয়ে পড়ে আছে, উক্ত হাট সেডটি কনডেমশন ঘোষনা করে নিলামে বিক্রয় করে উক্ত জায়গায় নতুন মার্কেট নির্মাণের অনুরোধ করেন।<br><br>মাংস ক্রয় ও বিক্রয় ক্ষেত্রে ব্যবস্থা নিতে হবে আমরা ইতিমধ্যে পশু জবাইখানা নির্মাণ করেছি আর মাংস বিক্রীর স্থান নির্বাচন করতে হবে।<br><br>চৌরাস্তার যানজট নিরসনে ট্রাফিক পুলিশ নিয়োগের কথা বলেন এবং পুলিশ বক্স নির্মাণ ও সার্চ লাইট স্থাপন করতে হবে । | জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো।<br>আধার দিঘী হয়ে স্কুল হাট রাস্তার কাজ প্রক্রিয়াধীন এবং আমন ধামন খালের উপর ব্রীজ নির্মাণ করার জন্য উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন।<br><br>মোবাইল কোর্টের আওতায় আনা হবে।<br><br>চৌরাস্তার কাচাবাজরের পুরাতন হাটসেডটি জরাজীরৃণ ও নষ্ট হয়ে যাওয়ায় উক্ত হাটসেডটি কনডেমশন ঘোষনা করে জেলা কনডেমশন কমিটির নিকট প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>মাংস বিক্রয়রে স্থান নির্ধারনের জন্য চেয়ারম্যান, বড়বাড়ী ও সাধারন সম্পাদক, বনিক সমিতি ব্যবস্থা গ্রহণ করনেব।<br>চৌরাস্তায় ট্রাফিক পুলিশ ও পুলিশ বক্স নির্মাণ এবং সার্চ লাইট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো। | |
| ২৬ | **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল :** | | ১.উপজেলা নির্বাহী অফিসার |

মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় বলেন সামনে জাতীয় নির্বাচন সকল দপ্তর প্রধানকে সরকারের সাফল্য ও অর্জন এবং আপনাদের সহযোগিতা একান্ত কাম্য। এর ভিতরে যতগুলো সমস্যার কথা উঠে আসছে আমি চেষ্টা করব সকল সমস্যার সমাধান করতে। আপনাদের সকল সমস্যা ও দাবী পুরণে আমি বদ্ধ পরিকর। বালিয়াডাঙ্গী উপজেলাটাকে আমরা সবাই মিলে একটা সুন্দর ও মডেল উপজেলা হিসেবে গড়তে চাই। সে লক্ষ্যে নিয়ে আপনারা সবাই কাজ করবেন। ইনশাআল্লাহ আমরা সার্থক হব।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ২৯/০১/২০২৩খ্রি:।

(মো: আলী আসলাম )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালিয়াডাংগী, ঠাকুরগাও।
ফোন:০৫৬২২-৫৬১৮৪।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
www.baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০১.২০২৩- ৮৫ তারিখ: ২৯/০১/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,৪ ঠাকুরগাও-২,সভাপতি, পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সর্ম্পকিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৭। উপজেলা.......................................................................................কর্মকর্তা, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৮। চেয়ারম্যান........................................................................... ইউপি (সকল), বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৯। অফিস নথি।

২৯/০১/২৩

বিপুল কুমার
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
ফোন:০৫৬২২-৫৬০০১
email.unobaliadangi@mopa.gov.bd